

## শিক্ষা

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ভর্তি, আসন ৪৫০০, নম্বর  
বণ্টন, পরীক্ষার পদ্ধতিসহ দেখুন বিস্তারিত

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৮ আগস্ট ২০২৫, ০৮: ০৮



প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটিরে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্তর্গ্রাজুয়েট প্রোগ্রামে  
ভর্তি কার্যক্রম শুরু হয়েছে গতকাল রোববার থেকে। শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনে কলা ও  
সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা ইউনিটে শিক্ষার্থী ভর্তি নেওয়া। শিক্ষার্থীরা  
আবেদন করতে পারবেন ১০ আগস্ট পর্যন্ত। আবেদন ফি ৮০০ টাকা।

এ-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, [আবেদন করতে হবে ওয়েবসাইটে](#)। প্রস্তাবিত ঢাকা  
সেন্ট্রাল ইউনিভার্সিটির অধিভুক্ত সাত কলেজের মোট আসন আছে সাড়ে চার হাজার। ঢাকা  
কলেজে ৬৮১, ইডেন মহিলা কলেজে ৭৮৫, সরকারি তিতুমীর কলেজ ৭৬৫, সরকারি  
বাঙ্গলা কলেজে ৬৭৪, বেগম বদরমন্নেসা সরকারি মহিলা কলেজে ৫৯৩, সরকারি শহীদ  
সোহরাওয়ার্দী কলেজে ৪৬৫ ও কবি নজরুল সরকারি কলেজে ৫২৯টি।

### ভর্তি পরীক্ষা, নম্বর বণ্টন ও ভর্তি-ইচ্ছুকদের করণীয়

বাংলা-২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান-৫০: বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে গঠিত সমাজবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি,  
ইতিহাস, ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল ইত্যাদি সংশ্লিষ্ট সাধারণ জ্ঞানের প্রশ্ন  
থাকবে।

মোট ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান—এই তিনি বিষয়ে  
১০০টি প্রশ্ন থাকবে। ভর্তি পরীক্ষার প্রশ্ন উচ্চমাধ্যমিক পর্যায়ের ২০২৪ সালের জন্য নির্ধারিত  
পাঠ্যসূচি অনুযায়ী হবে উল্লিখিত তিনি বিষয়ের নম্বর। ভর্তি পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে পাস  
নম্বর ৪০। যাঁরা ৪০-এর কম পাবেন, তাঁদের ভর্তির জন্য বিবেচনা করা হবে না। বিজ্ঞপ্তিতে  
বলা হয়েছে, ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

\* পরীক্ষার উত্তরপত্র (একটি OMR শিট) বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে। অতিরিক্ত কোনো  
শিট দেওয়া হবে না। সরবরাহকৃত উত্তরপত্রের (OMRSheet-এ) প্রশ্নের উত্তর বৃত্ত পূরণ

করে চিহ্নিত করতে হবে।

\* প্রার্থী কোনো অবস্থাতেই মুঠোফোন, ক্যালকুলেটর, বই ও কাগজপত্র (প্রবেশপত্র ছাড়া),  
যেকোনো ইলেকট্রনিক ডিভাইস-সংবলিত ঘড়ি ও কলম, ভিসা/মাস্টারকার্ড/ এটিএম কার্ড  
ইত্যাদি নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।

### আবেদনের যোগ্যতা

১. মাধ্যমিক বা সমমান পরীক্ষা ২০১৯ থেকে ২০২২ সাল পর্যন্ত এবং ২০২৩ অথবা ২০২৪  
সনের উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে যাঁরা ঢাকা সেন্ট্রাল  
ইউনিভার্সিটি (প্রস্তাবিত) বিভিন্ন ইউনিটে বিদ্যমান একাডেমিক কাঠামোতে (সনাতন) ভর্তির  
জন্য নির্ধারিত শর্ত পূরণ করেছেন, শুধু তাঁরাই ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্তর্গ্রাজুয়েট  
প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

২. যাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন অধিভুক্ত সাত কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে  
আন্তর্গ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য ইতিমধ্যে আবেদন করেছেন, তাঁদের ‘নতুন করে  
আবেদন’ করার প্রয়োজন নেই। তাঁদের আগের আবেদনই এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির  
আবেদন হিসেবে বিবেচিত হবে।

৩. তবে যাঁরা আবেদন প্রত্যাহার করবেন, তাঁদের জমা করা টাকা ফেরত দেওয়া হবে।

### ভর্তি পরীক্ষা করবে

\* কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের পরীক্ষা ২২ আগস্ট (শুক্রবার), বেলা তিনটা থেকে  
বিকেল চারটা পর্যন্ত।

\* বিজ্ঞান ইউনিটের ২৩ আগস্ট (শনিবার), বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত।

\* ব্যবসায় শিক্ষা ইউনিটের ২৩ আগস্ট (শনিবার), বেলা তিনটা থেকে বিকেল চারটা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

(১৭ আগস্ট থেকে প্রবেশপত্র ডাউনলোড শুরু। ২০ আগস্ট থেকে আসনবিন্যাস প্রকাশ করা হবে।)

\* বিস্তারিত তথ্য দেখুন এখানে

